# চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

**চট্টগ্রাম-৪৩৪৯, বাংলাদেশ।**

স্মারক নং-চুয়েট/রেজিঃ/পার(নিয়োগ)-২/২৫৮৮ তারিখঃ ২৯/০৭/২০২৫ খ্রিঃ।

(একই স্বারক ও তারিখে প্রতিস্থাপিত)

**নিয়োগ বিজ্ঞপ্তি**

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর নিম্নবর্ণিত স্থায়ী/অস্থায়ী পদসমূহ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক | পদের নাম, পদ সংখ্যা ও জাতীয় বেতন স্কেল-২০১৫ | গ্রেড | বয়সসীমা |
|---|---|---|---|
| ১. | ক) পরিচালক (IQAC)-১টি পদ। খ) প্রধান প্রকৌশলী-১টি পদ।<br>বেতন স্কেলঃ ৫৬৫০০-৭৪৪০০/- | ৩ | সর্বোচ্চ ৫২ বৎসর |
| ২. | সহযোগী অধ্যাপক ঃ তড়িৎ ও ইলেকঃ কৌশল বিভাগ-১টি পদ।<br>বেতন স্কেলঃ ৫০,০০০-৭১,২০০/- | ৪ | সর্বোচ্চ ৫০ বৎসর |
| ৩. | ক) ডেপুটি চীফ মেডিক্যাল অফিসার-১টি পদ। খ) উপ-পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ)-১টি পদ।<br>গ) আইটি ইঞ্জিনিয়ার (ICT Cell)-১টি পদ। ঘ) সিনিয়র চীফ টেকনিক্যাল অফিসার (উড ওয়ার্কশপ)-১টি পদ।<br>ঙ) সিনিয়র চীফ টেকনিক্যাল অফিসার (শীটমেটাল এন্ড ওয়েল্ডিংসপ)-১টি পদ<br>বেতন স্কেলঃ ৪৩০০০-৬৯৮৫০/- | ৫ | সর্বোচ্চ ৪৫ বৎসর |
| ৪. | সহকারী অধ্যাপক ঃ<br>ক) পুরকৌশল বিভাগ-০৩টি পদ [১টি স্থায়ী এবং ২টি সহযোগী অধ্যাপক পদের বিপরীতে (তন্মধ্যে ০১ জন ট্রান্সপোর্টেশন ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চে উচ্চতর ডিগ্রিধারী)]। খ) পদার্থবিজ্ঞান বিভাগ-১টি পদ।<br>বেতন স্কেলঃ ৩৫৫০০-৬৭০১০/- | ৬ | সর্বোচ্চ ৪০ বৎসর |
| ৫. | ক) নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (ICT Cell)- ১টি পদ। খ) প্রোগ্রামার (IICT)-১টি পদ। গ) ডাটাবেজ প্রোগ্রামার (ICT Cell)- ১টি পদ।<br>বেতন স্কেলঃ ৩৫৫০০-৬৭০১০/- | ৬ | সর্বোচ্চ ৪০ বৎসর |
| ৬. | সহকারী পরিচালক ঃ (গবেষণা ও সম্প্রসারণ)-১টি পদ।<br>বেতন স্কেলঃ ২৯০০০-৬৩৪১০/- | ৭ | সর্বোচ্চ ৩৫ বৎসর |
| ৭. | প্রভাষক ঃ<br>ক) বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ-১টি পদ (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)।<br>খ) ম্যাটেরিয়ালস্ এন্ড ম্যাটালর্জিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ-১টি পদ (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)।<br>গ) পুরকৌশল বিভাগ-২টি পদ (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)।<br>ঘ) গবেষণা প্রভাষক (IICT) (গবেষণা সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)-১টি পদ।<br>ঙ) মেকাট্রনিক্স এন্ড ইন্ডাষ্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং বিভাগ-২টি পদ (১টি স্থায়ী এবং ১টি ME বিভাগের সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)।<br>চ) ইলেক্ট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ-৩টি পদ (১টি স্থায়ী এবং ২টি অধ্যাপক পদের বিপরীতে)।<br>বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০/- | ৯ | ১৮-৩২ বৎসর |
| ৮. | ক) টেকনিক্যাল অফিসার (মেশিন শপ)-১টি পদ। খ) শারীরিক শিক্ষা প্রশিক্ষক-১টি পদ।<br>বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০/- | ৯ | ১৮-৩২ বৎসর |
| ৯. | ক) সহকারী টেকনিক্যাল অফিসার (পুরকৌশল বিভাগ)-১টি পদ। খ) সহকারী টেকনিক্যাল অফিসার (IICT)-১টি পদ।<br>বেতন স্কেলঃ ১৬০০০-৩৮৬৪০/- | ১০ | ১৮-৩২ বৎসর |
| ১০ | ব্যক্তিগত সহকারী (আইটি বিজনেজ ইনকিউবেটর)-১টি পদ।<br>বেতন স্কেলঃ ১২৫০০-৩০২৩০/- | ১১ | ১৮-৩২ বৎসর |
| ১১ | টেকনিশিয়ান ঃ ক) নেটওয়ার্ক (ICT Cell)-১টি পদ। খ) হার্ডওয়ার (IICT)-১টি পদ।<br>গ) বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ-১টি পদ। ঘ) সেন্ট্রাল ইনস্ট্রুমেন্ট ওয়ার্কশপ-১টি পদ।<br>বেতন স্কেলঃ ১১০০০-২৬৫৯০/- | ১৩ | ১৮-৩২ বৎসর |
| ১২ | ক্যাটালগার কাম-ডাটা এন্ট্রি অপারেটর- ১টি পদ।<br>বেতন স্কেলঃ ১১০০০-২৬৫৯০/- | ১৩ | ১৮-৩২ বৎসর |
| ১৩ | কেয়ারটেকার (আইটি বিজনেজ ইনকিউবেটর)-১টি পদ।<br>বেতন স্কেলঃ ১০২০০- ২৪৬৮০/- | ১৪ | ১৮-৩২ বৎসর |
| ১৪ | বাবুর্চি-২টি পদ (শামসেন নাহার খান হল-১, তাপসী রাবেয়া হল-১)।<br>বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/- | ১৬ | ১৮-৩২ বৎসর |
| ১৫ | ক) গ্যাস মেকানিক (প্রকৌশল দপ্তর)-১টি পদ। খ) কার্পেন্টার (প্রকৌশল দপ্তর)-১টি পদ। গ) মেশন (প্রকৌশল দপ্তর)-১টি পদ।<br>বেতন স্কেলঃ ৯০০০-২১৮০০/- | ১৭ | ১৮-৩২ বৎসর |
| ১৬ | ক) অফিস সহায়ক-২টি পদ। খ) ল্যাব. এটেনডেন্ট (স্থাপত্য বিভাগ)-১টি পদ। গ) লাইব্রেরী এটেনডেন্ট-কাম গেটম্যান-১টি পদ।<br>বেতন স্কেলঃ ৮৫০০-২০৫৭০/- | ১৯ | ১৮-৩২ বৎসর |
| ১৭ | অফিস সহায়ক(IEER)-১টি পদ।<br>বেতন স্কেলঃ ৮৫০০-২০৫৭০/- | ১৯ | ১৮-৩২ বৎসর |
| ১৮ | ক) হেলপার (সেন্ট্রাল স্টোর)-১টি পদ। খ) মালী (কবি কাজী নজরুল ইসলাম হল)-১টি পদ।<br>বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/- | ২০ | ১৮-৩২ বৎসর |

ক) ১-৯ নং পদের যোগ্যতা ও অভিজ্ঞতা, শর্তাবলী এবং আবেদনপত্রের নির্ধারিত ফরমেট ওয়েব সাইট www.cuet.ac.bd থেকে সংগ্রহ করা যাবে।

খ) ১০-১৮ নং পদের জন্য আবেদন সাদা কাগজে করতে হবে। সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা এবং শর্তাবলী ওয়েব সাইট www.cuet.ac.bd থেকে সংগ্রহ করা যাবে।

গ) গ্রেড-৩ থেকে গ্রেড-১০ পদের জন্য ২০০/- টাকার, গ্রেড-১১ থেকে গ্রেড-১২ পদের জন্য ১৫০/-টাকার, গ্রেড-১৩ থেকে গ্রেড-১৬ পদের জন্য ১০০/-টাকার এবং গ্রেড-১৭ থেকে গ্রেড-২০ পদের জন্য ৫০/- টাকার সোনালী ব্যাংক লিঃ এর ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার সোনালী ব্যাংক লিঃ, সি.ইউ.ই.টি. শাখা, চট্টগ্রাম-এর অনুকূলে "রেজিস্ট্রার, চুয়েট, চট্টগ্রাম"-এর বরাবরে আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।

ঘ) গ্রেড-৪ পদের জন্য ১০(দশ) সেট দরখাস্ত; গ্রেড-৩, গ্রেড-৫ থেকে গ্রেড-১০ পদের জন্য ৭ (সাত) সেট দরখাস্ত এবং গ্রেড-১১ থেকে গ্রেড-২০ পদের জন্য আবেদনকারীর ০২ (দুই) সেট দরখাস্ত আগামী ২১/০৮/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অফিসে (অফিস চলাকালীন সময়ে) পৌছাতে হবে।

ঙ) চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বর্ণিত বয়সসীমা প্রযোজ্য নয়।

চ) শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে উচ্চতর ডিগ্রিধারীদের বয়সসীমা শিথিলযোগ্য।

**স্বাক্ষরিত-**

(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-চুয়েট/রেজিঃ/পার(নিয়োগ)-২/২৫৮৮(১০) তারিখঃ ২৯/০৭/২০২৫ খ্রিঃ।

অনুলিপি প্রেরিত হলঃ-

১। সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।

২। রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়/ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়- আপনার প্রতিষ্ঠানে প্রচারের অনুরোধ সহকারে।

৩। সকল বিভাগীয় প্রধান/অফিস প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।

৪। পরিচালক, আইআইসিটি, অত্র বিশ্ববিদ্যালয়। উল্লেখিত নিয়োগ বিজ্ঞপ্তি, শর্তাবলী, যোগ্যতা ও অভিজ্ঞতা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে অর্ন্তভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহকারে।

৫। ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষক সংশ্লিষ্ট), চুয়েট।

৬। ডেপুটি রেজিস্ট্রার (কর্মকর্তা/কর্মচারী সংশ্লিষ্ট), চুয়েট।

৭। উপ-পরিচালক (জনসংযোগ), উপাচার্যের দপ্তর, চুয়েট। উল্লেখিত বিজ্ঞাপনটি আগামী ২/১ দিনের মধ্যে ২টি জাতীয় পত্রিকায় এবং ১টি স্থানীয় পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে।

৮। পিএস-টু-ভিসি, চুয়েট-ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।

৯। সকল বিজ্ঞপ্তিফলক, অত্র বিশ্ববিদ্যালয়।

১০। সংরক্ষণ নথি।

**স্বাক্ষরিত-**

(মোহাম্মদ মঈন উদ্দীন আফসার)
ডেপুটি রেজিস্ট্রার
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

<u>কর্মকর্তা-কর্মচারী পদের যোগ্যতা ও অভিজ্ঞতা</u>

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | পরিচালক (IQAC)<br>৫৬৫০০-৭৪৪০০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ৩.০০/সমমান সহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে পিএইচডি ডিগ্রী এবং ৯ম গ্রেড বা তদূর্ধ গ্রেডভূক্ত পদে কমপক্ষে ১৩ (তেরো) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। তম্মধ্যে IQAC সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ২ (দুই) বছরের অভিজ্ঞতাসহ উপ-পরিচালক বা সমমানের পদে (৫ম গ্রেড বা তদূর্ধ) অবশ্যই ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>সেল্ফ এসেসমেন্ট, অ্যাক্রিডিটেশন/ কোয়ালিটি অ্যাস্যুরেন্স কাজে কমপক্ষে ০২ সপ্তাহ বা তার অধিক কালের প্রশিক্ষণ থাকতে হবে। এক্ষেত্রে বৈদেশিক ট্রেনিং থাকলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। |
| ০২ | প্রধান প্রকৌশলী<br>৫৬৫০০-৭৪৪০০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে ইঞ্জিনিয়ারিং-এ মাস্টার্স ডিগ্রী এবং সহকারী প্রকৌশলী বা সমমানের ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে কমপক্ষে ১৫ (পনেরো) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। তম্মধ্যে তত্ত্বাবধায়ক প্রকৌশলী বা সমমানের পদে (৪র্থ গ্রেড) নূন্যতম ২ বৎসরের অভিজ্ঞতাসহ নির্বাহী প্রকৌশলী বা সমমান (৬ষ্ঠ গ্রেড বা তদুর্ধ) উভয় পদে একত্রে অথবা তত্ত্বাবধায়ক প্রকৌশলী বা সমমানের পদে (৪র্থ গ্রেড) কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে মোট অভিজ্ঞতা ২ (দুই) বছর শিথিল যোগ্য। |
| ০৩ | ডেপুটি চীফ মেডিক্যাল অফিসার<br>৪৩০০০-৬৯৮৫০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে এম.বি.বিএস ডিগ্রী এবং মেডিকেল অফিসার বা সমমানের ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে কমপক্ষে ৮ (আট) বৎসরের বাস্তব পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। তন্মধ্যে সিনিয়র মেডিকেল অফিসার বা সমমানের পদে (৭ম গ্রেড বা তদুর্ধ) অবশ্যই ৫ (পাঁচ) বছরের বাস্তব পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট শাখা/দপ্তরের কাজে অভিজ্ঞতা সম্পন্ন যোগ্য প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৪ | উপ-পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ)<br>৪৩০০০-৬৯৮৫০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে মাস্টার্স/বিএস.সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী এবং গবেষণা ও সম্প্রসারণ সংক্রান্ত/প্রশাসনিক কাজে ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে কমপক্ষে ৮ (আট) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। তম্মধ্যে সহকারী পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) বা সমমানের পদে (৭ম গ্রেড বা তদুর্ধ) অবশ্যই ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট শাখা/দপ্তরের কাজে অভিজ্ঞতা সম্পন্ন যোগ্য প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৫ | আইটি ইঞ্জিনিয়ার (ICT Cell)<br>৪৩০০০-৬৯৮৫০/- | ক) প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ আইটি/ আইসিটি/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিসহ ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৮ (আট) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। তন্মধ্যে নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার বা সমমানের পদে (৬ষ্ঠ গ্রেড বা তদুর্ধ) অবশ্যই ৪(চার) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>**অথবা**<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ আইটি/ আইসিটি/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বৎসরের বিএসসি ইঞ্জিনিয়ারিংসহ এম.এসসি/ এম.ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারীর জন্য ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। তন্মধ্যে নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার/হার্ডওয়ার ইঞ্জিনিয়ার বা সমমানের পদে (৬ষ্ঠ গ্রেড বা তদুর্ধ) অবশ্যই ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) নেটওয়ার্ক ডিভাইস (Switch, Routers, Firewalls, Fiber Optics etc.) পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। LINUX/ WINDOWS NT পরিবেশে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) Oracle/ LINUX/ Sun Solaris/Microsoft-এ সার্টিফিকেশন থাকতে হবে। |
| ০৬ | সিনিয়র চিফ টেকনিক্যাল অফিসার (উড ওয়ার্কশপ)<br>৪৩০০০-৬৯৮৫০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীসহ ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৮ (আট) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে চীফ টেকনিক্যাল অফিসার বা সমমানের পদে (৭ম গ্রেড বা তদুর্ধ) অবশ্যই ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চে ডিপ্লোমাসহ এ.এম.আই.ই.বি. পাশ এবং ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে চীফ টেকনিক্যাল অফিসার বা সমমানের পদে (৭ম গ্রেড বা তদুর্ধ) অবশ্যই ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>সংশ্লিষ্ট শাখা/দপ্তরের কাজে অভিজ্ঞতা সম্পন্ন যোগ্য প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৭ | সিনিয়র চিফ টেকনিক্যাল অফিসার (শীটমেটাল এন্ড ওয়েল্ডিংসপ)<br>৪৩০০০-৬৯৮৫০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীসহ ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৮ (আট) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে চীফ টেকনিক্যাল অফিসার বা সমমানের পদে (৭ম গ্রেড বা তদুর্ধ) অবশ্যই ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চে ডিপ্লোমাসহ এ.এম.আই.ই.বি. পাশ এবং ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে চীফ টেকনিক্যাল অফিসার বা সমমানের পদে (৭ম গ্রেড বা তদুর্ধ) অবশ্যই ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>সংশ্লিষ্ট শাখা/দপ্তরের কাজে অভিজ্ঞতা সম্পন্ন যোগ্য প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৮ | নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (ICT Cell)<br>৩৫৫০০-৬৭০১০ | ক) প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ আইটি/ আইসিটি/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিসহ সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার/ হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার বা সমমানের ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে অবশ্যই ৪ (চার) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>**অথবা**<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ আইটি/ আইসিটি/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বৎসরের বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিসহ এম.এসসি/ এম.ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারীর জন্য সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার/ হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার বা সমমানের ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে অবশ্যই ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) নেটওয়ার্ক ডিভাইস (Switch, Routers, Firewalls, Fiber Optics etc.) পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। LINUX/WINDOWS NT পরিবেশে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) CISCO/LINUX সনদধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। |

| | | |
|---|---|---|
| ০৯ | প্রোগ্রামার (IICT)<br>৩৫৫০০-৬৭০১০/- | ক) প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ আইটি/ আইসিটি/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিভাগে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিসহ সহকারী প্রোগ্রামার বা সমমানের ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে অবশ্যই ৪ (চার) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>**অথবা**<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/আইটি/আইসিটি/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং এর ৪ (চার) বৎসরের বিএসসি ইঞ্জিনিয়ারিংসহ এম.এসসি/ এম.ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারীর জন্য সহকারী প্রোগ্রামার বা সমমানের ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে অবশ্যই ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) ডেটাবেস প্রোগ্রামিং (Oracle/My SQL) এবং ওয়েবসাইট ডেভেলপমেন্ট/রক্ষণাবেক্ষণের (PHP/HTML) অভিজ্ঞতা থাকতে হবে। LINUX/WINDOWS NT পরিবেশে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) Oracle/ LINUX/Microsoft সনদধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ১০ | ডাটাবেজ প্রোগ্রামার<br>(ICT Cell)<br>৩৫৫০০-৬৭০১০/- | ক) প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ আইটি/ আইসিটি/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিভাগে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিসহ সহকারী প্রোগ্রামার বা সমমানের ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে অবশ্যই ৪ (চার) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>**অথবা**<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/আইটি/আইসিটি/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং এর ৪ (চার) বৎসরের বিএসসি ইঞ্জিনিয়ারিংসহ এম.এসসি/ এম.ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারীর জন্য সহকারী প্রোগ্রামার বা সমমানের ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে অবশ্যই ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) ডেটাবেস প্রোগ্রামিং (Oracle/My SQL) এবং ওয়েবসাইট ডেভেলপমেন্ট/রক্ষণাবেক্ষণের (PHP/HTML) অভিজ্ঞতা থাকতে হবে। LINUX/WINDOWS NT পরিবেশে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) Oracle/ LINUX/Microsoft সনদধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ১১ | সহকারী পরিচালক ঃ<br>(গবেষণা ও সম্প্রসারণ)<br>২৯০০০-৬৩৪১০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে মাস্টার্স/বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীসহ গবেষণা ও সম্প্রসারণ কাজে ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে অবশ্যই ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১২ | টেকনিক্যাল অফিসার<br>(মেশিন শপ)<br>২২,০০০-৫৩,০৬০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে দুইটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট টেকনোলজিতে ডিপ্লোমা সহ এ.এম.আই.ই.বি. পাশসহ সহকারী টেকনিক্যাল অফিসার বা সমমানের ১০ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে অবশ্যই ২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট টেকনোলজিতে ডিপ্লোমা সহ সহকারী টেকনিক্যাল অফিসার বা সমমানের ১০ম গ্রেড বা তদুর্ধ গ্রেডভূক্ত পদে অবশ্যই ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৩ | শারীরিক শিক্ষা প্রশিক্ষক<br>২২,০০০-৫৩,০৬০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে দুইটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে শারীরিক শিক্ষায় স্নাতক ডিগ্রীসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। |
| ১৪ | সহকারী টেকনিক্যাল<br>অফিসার (পুরকৌশল)<br>১৬,০০০-৩৮,৬৪০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/কারিগরী শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট টেকনোলজিতে ডিপ্লোমাধারী হতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বি.এসসি পাশ এবং সংশ্লিষ্ট কাজে অবশ্যই ৯ (নয়) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>**অথবা**<br>প্রার্থীকে শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/বোর্ড হতে এস.এস.সি সমমানের পরীক্ষায় পাশ সহ অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/কারিগরী শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট থাকতে হবে এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে অবশ্যই ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/বোর্ড হতে এইচ.এস.সি. (বিজ্ঞান/ভোকেশনাল) পাশসহ সংশ্লিষ্ট কাজে অবশ্যই ১১ (এগারো) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৫ | সহকারী টেকনিক্যাল<br>অফিসার ((IICT)<br>১৬,০০০-৩৮,৬৪০/- | প্রার্থীকে শিক্ষাজীবনে কমপক্ষে একটি পাবলিক পরীক্ষায় জিপিএ ৩.০০/সমমান এবং অন্য সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/কারিগরী শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট টেকনোলজিতে ডিপ্লোমাধারী হতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বি.এসসি পাশ এবং সংশ্লিষ্ট কাজে অবশ্যই ৯ (নয়) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>**অথবা**<br>প্রার্থীকে শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/বোর্ড হতে এস.এস.সি সমমানের পরীক্ষায় পাশ সহ অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/কারিগরী শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট থাকতে হবে এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে অবশ্যই ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমান সহ কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান/বোর্ড হতে এইচ.এস.সি. (বিজ্ঞান/ভোকেশনাল) পাশসহ সংশ্লিষ্ট কাজে অবশ্যই ১১ (এগারো) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৬ | ব্যক্তিগত সহকারী (আইটি বিজনেজ ইনকিউবেটর)<br>১২,৫০০-৩০,২৩০/- | ক) প্রার্থীকে শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে স্নাতক ডিগ্রিসহ ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>খ) কোন সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ প্রতিষ্ঠিত বেসরকারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সফটওয়্যার টেকনোলজি পার্ক / হাই-টেক পার্ক সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। |
| ১৭ | নেটওয়ার্ক টেকনিশিয়ান<br>(ICT Cell)<br>( ১১০০০-২৬৫৯০/-) | ক) প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/বোর্ড থেকে শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ এইচএসসি (বিজ্ঞান/ভোকেশনাল) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং আইসিটি সম্পর্কিত একটি স্বীকৃত সংস্থায় ০৪ (চার) বৎসরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) প্রাথমিক কম্পিউটার দক্ষতা (Word, Excel, Internet etc.) থাকতে হবে।<br>গ) কম্পিউটার রক্ষণাবেক্ষণ ও দাপ্তরিক কাজে দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। |

| | | |
|---|---|---|
| ১৮ | হার্ডওয়ার টেকনিশিয়ান (IICT) ( ১১০০০-২৬৫৯০/-) | ক) প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/বোর্ড থেকে শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ এইচএসসি (বিজ্ঞান/ভোকেশনাল) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং আইসিটি সম্পর্কিত একটি স্বীকৃত সংস্থায় ০৪ (চার) বৎসরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) প্রাথমিক কম্পিউটার দক্ষতা (Word, Excel, Internet etc.) থাকতে হবে।<br>গ) কম্পিউটার রক্ষণাবেক্ষণ ও দাপ্তরিক কাজে দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ১৯ | টেকনিশিয়ান (বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ) ১১,০০০- ২৬,৫৯০/- | প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/বোর্ড থেকে শিক্ষা জীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ বি.এসসি পাস এবং সংশ্লিষ্ট টেকনোলজিতে ০৬ মাস মেয়াদী ট্রেডকোর্স অথবা প্রশিক্ষন প্রাপ্ত হতে হবে।<br>অথবা<br>এইচ.এস.সি/সমমান পাস এবং সংশ্লিষ্ট টেকনোলজিতে ০২ বছর মেয়াদী ট্রেডকোর্স বা জাতীয় দক্ষতামান ০২ এবং ০৩ উত্তীর্ণ হতে হবে।<br>অথবা<br>সংশ্লিষ্ট টেকনোলজিতে এইচ.এস.সি (ভোকেশনাল) পাশসহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০১ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>সংশ্লিষ্ট টেকনোলজিতে এস.এস.সি (ভোকেশনাল)/ দাখিল (ভোকেশনাল) পাসসহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>এস.এস.সি/সমমান পাসসহ সংশ্লিষ্ট ল্যাব/ওয়ার্কশপ/ফিল্ড/শাখা-এ কমপক্ষে ১২ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২০ | টেকনিশিয়ান (সেন্ট্রাল ইনস্ট্রুমেন্ট ওয়ার্কশপ) ১১,০০০- ২৬,৫৯০/- | প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/বোর্ড থেকে শিক্ষা জীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ বি.এসসি পাস এবং সংশ্লিষ্ট টেকনোলজিতে ০৬ মাস মেয়াদী ট্রেডকোর্স অথবা প্রশিক্ষন প্রাপ্ত হতে হবে।<br>অথবা<br>এইচ.এস.সি/সমমান পাস এবং সংশ্লিষ্ট টেকনোলজিতে ০২ বছর মেয়াদী ট্রেডকোর্স বা জাতীয় দক্ষতামান ০২ এবং ০৩ উত্তীর্ণ হতে হবে।<br>অথবা<br>সংশ্লিষ্ট টেকনোলজিতে এইচ.এস.সি (ভোকেশনাল) পাশসহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০১ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>সংশ্লিষ্ট টেকনোলজিতে এস.এস.সি (ভোকেশনাল)/ দাখিল (ভোকেশনাল) পাসসহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>এস.এস.সি/সমমান পাসসহ সংশ্লিষ্ট ল্যাব/ওয়ার্কশপ/ফিল্ড/শাখা-এ কমপক্ষে ১২ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২১ | ক্যাটালগার কাম-ডাটা এন্ট্রি অপারেটর ১১০০০-২৬৫৯০/- | প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/বোর্ড থেকে শিক্ষা জীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ গ্রন্থাগার বিজ্ঞান/ গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানে ডিপ্লোমাধারী হতে হবে। MS Excel/ Word Processing/ স্প্রেডশীট ইত্যাদি কাজ জানা থাকতে হবে।<br>অথবা<br>এইচ.এস.সি/সমমান পাসসহ গ্রন্থাগার বিজ্ঞান/ গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান কাজে কমপক্ষে ০৩ বছরের অভিজ্ঞতা এবং MS Excel/ Word Processing/স্প্রেডশীট ইত্যাদি কাজ জানা থাকতে হবে। |
| ২২ | কেয়ার টেকার (আইটি বিজনেজ ইনকিউবেটর) ১০২০০-২৪৬৮০/- | প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/বোর্ড থেকে শিক্ষা জীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ স্নাতক ডিগ্রি থাকতে হবে। MS Excel/ Word Processing/স্প্রেডশীট ইত্যাদি কাজ জানা থাকতে হবে।<br>অথবা<br>এইচ.এস.সি/সমমান পাসসহ সরকারী/ বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। MS Excel/Word Processing/স্প্রেডশীট ইত্যাদি কাজ জানা থাকতে হবে।<br>সফটওয়্যার টেকনোলজি পার্ক / হাই-টেক পার্ক সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। |
| ২৩ | বাবুর্চি ৯৩০০-২২৪৯০/- | প্রার্থীকে কোন অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠান/বোর্ড থেকে শিক্ষা জীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/ সমমানসহ এস.এস.সি/সমমান পাশসহ সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানে সকল প্রকার রান্নার কাজে ০৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২৪ | গ্যাস মেকানিক (প্রকৌশল দপ্তর) ৯০০০-২১৮০০/- | প্রার্থীকে কোন অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠান/বোর্ড থেকে শিক্ষা জীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ সংশ্লিষ্ট ট্রেডে এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) পাশ হতে হবে। |
| ২৫ | কার্পেন্টার (প্রকৌশল দপ্তর) ৯০০০-২১৮০০/- | প্রার্থীকে কোন অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠান/বোর্ড থেকে শিক্ষা জীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ সংশ্লিষ্ট ট্রেডে এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) পাশ হতে হবে। |
| ২৬ | মেশন (প্রকৌশল দপ্তর) ৯০০০-২১৮০০/- | প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/বোর্ড থেকে শিক্ষা জীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ সংশ্লিষ্ট ট্রেডে এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) পাশ হতে হবে। |
| ২৭ | অফিস সহায়ক ৮,৫০০-২০,৫৭০/- | প্রার্থীকে কোন অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠান /বোর্ড থেকে শিক্ষা জীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ এস.এস.সি/সমমান পাশ হতে হবে। |
| ২৮ | ল্যাবঃ এ্যাটেনডেন্ট ৮,৫০০-২০,৫৭০/- | প্রার্থীকে কোন অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠান /বোর্ড থেকে শিক্ষা জীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ এস.এস.সি/সমমান পাশ হতে হবে। |
| ২৯ | লাইব্রেরী এটেনডেন্ট-কাম গেটম্যান ৮৫০০-২০৫৭০/- | প্রার্থীকে কোন অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠান/বোর্ড থেকে শিক্ষা জীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/ সমমানসহ এস.এস.সি/সমমান পাশ হতে হবে। |
| ৩০ | হেলপার (সেন্ট্রাল স্টোর) ৮২৫০-২০০১০/- | প্রার্থীকে কোন অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠান/বোর্ড থেকে শিক্ষা জীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ এস.এস.সি/সমমান পাশ হতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধীকার পেতে পারেন। |
| ৩১ | মালী ৮২৫০-২০০১০/- | প্রার্থীকে কোন অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠান/বোর্ড থেকে শিক্ষা জীবনে সকল পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০/সমমানসহ এস.এস.সি/সমমান পাশ হতে হবে। |

স্বাক্ষরিত-
(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

**-ঃ শিক্ষক পদে (Teaching post) আবেদন করার শর্তাবলী ঃ-**

১। নির্ধারিত আবেদনপত্রে (PRESCRIBED APPLICATION FORM) এবং শিক্ষক পদের জন্য নির্ধারিত CV Format-এ দরখাস্ত করতে হবে। সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত MPQ ও অন্যান্য সাধারণ শর্তাবলী প্রযোজ্য হবে।

২। আবেদনপত্রের সহিত পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, সকল স্তরের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং শেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক চারিত্রিক সনদপত্রের সত্যায়িত কপিসহ অধ্যাপক/সহযোগী অধ্যাপক পদের জন্য প্রকাশনাসমূহের পূর্নাঙ্গ কপিসহ ১০ (দশ) সেট এবং সহকারী অধ্যাপক/প্রভাষক পদের জন্য ৭ (সাত) সেট দরখাস্ত আগামী ২১/০৮/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অফিসে অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে।

৩। আবেদনপত্রের সহিত ২০০/- (দুইশত) টাকার শুধুমাত্র সোনালী ব্যাংক লিঃ এর ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার সোনালী ব্যাংক লিঃ, সি.ইউ.ই.টি.শাখা, চট্টগ্রাম-এর অনুকূলে ''রেজিস্ট্রার, CUET, চট্টগ্রাম"-এর বরাবরে জমা দিতে হবে।

৪। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্র গ্রহণের শেষ দিনে সংশ্লিষ্ট প্রার্থীর যাচিত ডিগ্রী অর্জন ও অভিজ্ঞতা পূর্ণ না হলে আবেদন করার প্রয়োজন নেই। অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল যোগ্য। আবেদনপত্র জমাদানের শেষ দিনের পর কোন মাধ্যমে বা কোন অবস্থাতেই আবেদনপত্র অথবা আবেদন সংশ্লিষ্ট কোন ডকুমেন্ট গ্রহণযোগ্য হবে না। ডাক ও কুরিয়ার সার্ভিস ইত্যাদির বিলম্বের কারণে বিলম্বে প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না।

৫। কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত/সকল দরখাস্ত কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৬। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না।

৭। বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয় ব্যতীত দেশের ভিতরে বা বাহিরে অন্য কোন বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান থেকে অর্জিত ডিগ্রী বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের Equivalence কমিটির মাধ্যমে সমতা যাচাই পূর্বক জমা দিতে হবে। বাংলা/ইংরেজি ব্যতীত অন্য কোন ভাষার সার্টিফিকেটের সঙ্গে ইংরেজি (Authorized) Translated কপি সংযুক্ত করতে হবে।

৮। আবেদন পত্র জমা দানের জন্য ঘোষিত শেষ দিন পর্যন্ত অভিজ্ঞতা গণনা করা হবে।

৯। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।

১০। প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/ দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি।

**স্বাক্ষরিত-**
(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

**ঃ কর্মকর্তা নিয়োগের সাধারণ শর্তাবলী ঃ**
(জাতীয় বেতন স্কেলের ১০ গ্রেড এবং তদুর্ধ্ব)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা নিয়োগের Minimum Prescribed Qualification (MPQ) এ বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সাধারণ ভাবে সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা হিসেবে বিবেচিত হবে। তবে নিম্নবর্ণিত শর্তাবলী সংশ্লিষ্ট পদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

১। নির্ধারিত আবেদনপত্রে (PRESCRIBED APPLICATION FORM) এবং অফিসার পদের জন্য নির্ধারিত ফরমেটে দরখাস্ত করতে হবে। সংশ্লিষ্ট পদের জন্য অনুমোদিত MPQ ও সাধারণ শর্তাবলী প্রযোজ্য হবে।

২। আবেদনপত্রের সহিত পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র /ট্রান্সক্রিপ্ট, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং শেষ শিক্ষা প্রতিষ্ঠানের দেয়া চারিত্রিক সনদপত্র (Testimonial) ইত্যাদির সত্যায়িত কপিসহ ৭ (সাত) সেট দরখাস্ত আগামী ২১/০৮/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অফিসে অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে।

৩। আবেদন পত্রের সঙ্গে ২০০/- (দুইশত) টাকার সোনালী ব্যাংক লিঃ এর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সোনালী ব্যাংক লিঃ, সি.ইউ.ই.টি. শাখা, চট্টগ্রাম-এর অনুকূলে ''রেজিস্ট্রার, CUET, চট্টগ্রাম" এর বরাবরে জমা দিতে হবে।

৪। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন অগ্রনীতকরণ পত্রে এবং অভিজ্ঞতার সনদে (যদি থাকে) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষরের নিচে সংশ্লিষ্ট কর্মকর্তার নাম, পদবী ও সঠিক টেলিফোন নম্বর/মোবাইল নম্বর (হাল সময়ের) অবশ্যই উল্লেখ থাকতে হবে। অন্যথায় উক্ত অভিজ্ঞতা গৃহীত হবে না।

৫। দৈনিক ভিত্তিক (মাস্টার রোল)/খন্ডকালীন কাজের অভিজ্ঞতা কোন পদের জন্য অভিজ্ঞতা হিসাবে বিবেচিত হবে না। তবে, এই বিশ্ববিদ্যালয়ে দৈনিক ভিত্তিতে (মাস্টার রোল) কর্মরত প্রার্থী (যদি থাকে) কোন প্রকার বিরতি ছাড়াই কর্মরত থাকলে এবং তাঁর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উক্ত মর্মে প্রত্যায়ন পত্র প্রদান করলে অভিজ্ঞতার বিষয়টি বিবেচিত হতে পারে। এছাড়া, অস্থায়ীভাবে নিয়োজিত প্রার্থী বিরামহীনভাবে কর্মরত থাকলে অভিজ্ঞতা হিসাবে বিবেচিত হবে।

৬। অভিজ্ঞতা বলতে সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা/সেক্টর কর্পোরেশন প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে বুঝাবে। কোন প্রাইভেট/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান বা এনজিও-র কাজের অভিজ্ঞতাকে অভিজ্ঞতা হিসেবে গণ্য করা হবে না। তবে কোন পদের MPQ এ বেসরকারী প্রতিষ্ঠানের অভিজ্ঞতা উল্লেখ থাকলে তা সংশ্লিষ্ট পদের জন্য প্রযোজ্য হবে। উল্লেখ্য যে, এই বিশ্ববিদ্যালয়ে কর্মরতদের ক্ষেত্রে ০৪/০৮/২০১৭ তরিখের পূর্বে কোন পদের MPQ-এ আবশ্যিক অভিজ্ঞতা হিসেবে প্রার্থী কর্তৃক দাখিলকৃত অভিজ্ঞতা বিবেচনায় এনে নিয়োগ প্রদান করা হয়ে থাকলে উক্ত অভিজ্ঞতা সংশ্লিষ্ট প্রার্থীর ক্ষেত্রে পরবর্তীতেও প্রযোজ্য হবে। কিন্তু প্রথম যোগদানের সময় আবেদনে যে সকল অভিজ্ঞতা প্রদর্শন করা হয়নি পরবর্তীতে উহা আর বিবেচিত হবে না।

৭। কোন প্রার্থীর সংশ্লিষ্ট পদের নির্ধারিত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতায় অর্জিত জিপিএ ২.৫০ এর কম থাকলে পরবর্তীতে উক্ত পদে চাকুরী হলে তার ঐ ডিগ্রী এই বিশ্ববিদ্যালয়ের অন্য কোন পদে নিয়োগ/আপগ্রেডেশন/পদোন্নতি এর ক্ষেত্রে গৃহীত হবে না। এছাড়া, চাকুরী হওয়ার পর কর্তৃপক্ষের অনুমতিক্রমে অংশগ্রহণকৃত কোন পরীক্ষার ফলাফলে জিপিএ ২.৫০ এর কম হলে উক্ত ডিগ্রী এই বিশ্ববিদ্যালয়ে কোন পদের আবেদন/আপগ্রেডিং/পদোন্নতি-এর ক্ষেত্রে গৃহীত হবে না।

৮। কোন প্রার্থীর এই বিশ্ববিদ্যালয়ে ১ম যোগদানের সময় সংশ্লিষ্ট পদের যাচিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলে এবং তা আবেদনপত্রে উল্লেখ না করলে পরবর্তীতে চাকুরী হওয়ার পর তার ঐ ডিগ্রী এই বিশ্ববিদ্যালয়ের কোন পদের চাকুরীর আবেদন/আপগ্রেডিং/পদোন্নতির ক্ষেত্রে গৃহীত হবে না। এ ছাড়াও এই বিশ্ববিদ্যালয়ে চাকুরীরত অবস্থায় কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কেউ উচ্চতর ডিগ্রী অর্জন করলে তার ঐ ডিগ্রী বিশ্ববিদ্যালয়ের কোন পদের চাকুরীর আবেদন/আপগ্রেডিং/পদোন্নতির ক্ষেত্রে গৃহীত হবে না। তবে চাকুরী হওয়ার পূর্বে কেহ উচ্চতর ডিগ্রীতে অধ্যয়নরত থাকলে এবং বিষয়টি আবেদনে উল্লেখ থাকলে, চাকুরী হওয়ার পর তার আবেদন ও প্রাপ্ত ডিগ্রীর ফলাফলের ভিত্তিতে মূল্যায়িত হবে।

৯। কোন পদের শিক্ষাগত যোগ্যতায় চাহিত GPA এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে শিথিল যোগ্য। এই শিথিলতা শুধুমাত্র ২৪/০৭/২০১৩ খ্রিঃ তারিখের পূর্বে এই বিশ্ববিদ্যালয় অথবা বিআইটি, চট্টগ্রামে যোগদানকৃতদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া ২৪/০৭/২০১৩ খ্রিঃ তারিখের পর থেকে এই নীতিমালা অনুমোদনের পূর্ব পর্যন্ত যে সকল অভ্যন্তরীণ প্রার্থী সংশ্লিষ্ট পদের আবশ্যিক ডিগ্রি/পরীক্ষায় চাহিত জিপিএ/সমমান পূরন করে চাকুরীতে যোগদান করেছেন তাদের ক্ষেত্রেও MPQ তে চাহিত জিপিএ/সমমান শিথিল যোগ্য।

১০। আবেদনপত্র জমাদানের শেষ দিন ঘোষিত তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট প্রার্থীর বয়স, অভিজ্ঞতা, অর্জিত ডিগ্রী/প্রশিক্ষণ ইত্যাদির সময়কাল গণনাযোগ্য হবে। আবেদনপত্র জমাদানের শেষ দিনের পর কোন মাধ্যমে বা কোন অবস্থাতেই আবেদনপত্র অথবা আবেদন সংশ্লিষ্ট কোন ডকুমেন্ট গ্রহণযোগ্য হবে না। ডাক ও কুরিয়ার সার্ভিস ইত্যাদির বিলম্বের কারণে প্রাপ্ত ও অসম্পূর্ণ আবেদন গ্রহনযোগ্য হবে না।

১১। লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না।

১২। এই বিশ্ববিদ্যালয়ের বর্তমানে কোন কোটা সংরক্ষনের অনুমোদিত নিয়ম নেই।

১৩। আবেদনপত্র গ্রহনের শেষ দিনে সংশ্লিষ্ট প্রার্থীর যাচিত ডিগ্রী অর্জন ও অভিজ্ঞতা পূর্ণ না হলে আবেদন করার প্রয়োজন নেই।

১৪। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।

১৫। প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/ দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি।

**স্বাক্ষরিত-**
(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৪৯, বাংলাদেশ।

**-ঃ কর্মচারী পদে আবেদন করার শর্তাবলী ঃ-**

(জাতীয় বেতন স্কেলের গ্রেড ১১-২০)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কর্মচারী নিয়োগের Minimum Prescribed Qualification (MPQ) এ বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সাধারণ ভাবে সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা হিসেবে বিবেচিত হবে। তবে নিম্নবর্ণিত শর্তাবলী সংশ্লিষ্ট পদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

১। আগ্রহী প্রার্থীদেরকে সাদা কাগজে প্রার্থীর জীবন-বৃত্তান্ত (প্রার্থীত পদের নাম, নিজের নাম, পিতার নাম,মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা) ও মোবাইল নম্বর (যদি থাকে) সহ ০২ (দুই) সেট আবেদন পত্র দাখিল করতে হবে।

২। আবেদনপত্রের সহিত ১১তম-১২তম গ্রেডের পদের জন্য ১৫০/-টাকার, ১৩তম-১৬তম গ্রেডের পদের জন্য ১০০/-টাকার, এবং ১৭তম-২০তম গ্রেডের পদের জন্য ৫০/- টাকার সোনালী ব্যাংক লিঃ এর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সোনালী ব্যাংক লিঃ, সি.ইউ.ই.টি. শাখা, চট্টগ্রাম-এর অনুকূলে "রেজিস্ট্রার, CUET, চট্টগ্রাম"-এর বরাবরে আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।

৩। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন অগ্রনীতকরণ পত্রে এবং অভিজ্ঞতার সনদে (যদি থাকে) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষরের নিচে সংশ্লিষ্ট কর্তকর্তার নাম, পদবী ও সঠিক টেলিফোন নম্বর/মোবাইল নম্বর (হাল সময়ের) অবশ্যই উল্লেখ থাকতে হবে। অন্যথায় উক্ত অভিজ্ঞতা গৃহীত হবে না। সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই। অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল যোগ্য।

৪। আবেদনপত্রের সহিত পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতা, সনদপত্র, নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং শেষ শিক্ষা প্রতিষ্ঠানের দেয়া চারিত্রিক সনদপত্র (Testimonial) ইত্যাদির সত্যায়িত কপিসহ ২ (দুই) সেট দরখাস্ত আগামী ২১/০৮/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অফিসে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে।

৫। দৈনিক ভিত্তিক (মাস্টার রোল)/খন্ডকালীন কাজের অভিজ্ঞতা কোন পদের জন্য অভিজ্ঞতা হিসাবে বিবেচিত হবে না। তবে, এ বিশ্ববিদ্যালয়ে দৈনিক ভিত্তিতে (মাস্টার রোল) কর্মরত প্রার্থী (যদি থাকে) কোন প্রকার বিরতি ছাড়াই কর্মরত থাকলে এবং তাঁর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উক্ত মর্মে প্রত্যায়ন পত্র প্রদান করলে অভিজ্ঞতার বিষয়টি বিবেচিত হতে পারে। এছাড়া, অস্থায়ীভাবে নিয়োজিত প্রার্থী বিরামহীনভাবে কর্মরত থাকলে অভিজ্ঞতা হিসাবে বিবেচিত হবে।

৬। অভিজ্ঞতা বলতে সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা/সেক্টর কর্পোরেশন/বহুজাতিক কোম্পানী ইত্যাদি প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে বুঝাবে। কোন প্রাইভেট/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান বা এনজিও-র কাজের অভিজ্ঞতাকে অভিজ্ঞতা হিসেবে গণ্য করা হবে না। তবে কোন পদের MPQ এ বেসরকারী প্রতিষ্ঠানের অভিজ্ঞতা উল্লেখ থাকলে তা সংশ্লিষ্ট পদের জন্য প্রযোজ্য হবে।
উল্লেখ্য যে, এই বিশ্ববিদ্যালয়ে কর্মরতদের ক্ষেত্রে ০৪/০৮/২০১৭ তরিখের পূর্বে কোন পদের MPQ-এ আবশ্যিক অভিজ্ঞতা হিসেবে প্রার্থী কর্তৃক দাখিলকৃত অভিজ্ঞতা বিবেচনায় এনে নিয়োগ প্রদান করা হয়ে থাকলে উক্ত অভিজ্ঞতা সংশ্লিষ্ট প্রার্থীর ক্ষেত্রে পরবর্তীতেও প্রযোজ্য হবে। কিন্তু প্রথম যোগদানের সময় আবেদনে যে সকল অভিজ্ঞতা প্রদর্শন করা হয়নি পরবর্তীতে উহা আর বিবেচিত হবে না।

৭। কোন প্রার্থীর সংশ্লিষ্ট পদের নির্ধারিত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতায় অর্জিত জিপিএ ২.৫০ এর কম থাকলে পরবর্তীতে উক্ত পদে চাকুরী হলে তার ঐ ডিগ্রী এই বিশ্ববিদ্যালয়ের কোন পদে নিয়োগ/আপগ্রেডেশন/পদোন্নতি এর ক্ষেত্রে গৃহীত হবে না। এছাড়া, চাকুরী হওয়ার পর কর্তৃপক্ষের অনুমতিক্রমে অংশগ্রহণকৃত কোন পরীক্ষার ফলাফলে জিপিএ ২.৫০ এর কম হলে উক্ত ডিগ্রী এ বিশ্ববিদ্যালয়ে কোন পদের আবেদন/আপগ্রেডিং/পদোন্নতি-এর ক্ষেত্রে গৃহীত হবে না।

৮। কোন প্রার্থীর এ বিশ্ববিদ্যালয়ে ১ম যোগদানের সময় সংশ্লিষ্ট পদের যাচিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলে এবং তা আবেদন পত্রে উল্লেখ না করলে পরবর্তীতে চাকুরী হওয়ার পর তার ঐ ডিগ্রী এই বিশ্ববিদ্যালয়ের কোন পদের চাকুরীর আবেদন/আপগ্রেডিং/পদোন্নতির ক্ষেত্রে গৃহীত হবে না। এ ছাড়া এ বিশ্ববিদ্যালয়ে চাকুরীরত অবস্থায় কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কেউ উচ্চতর ডিগ্রী অর্জন করলে তার ঐ ডিগ্রী বিশ্ববিদ্যালয়ের কোন পদের চাকুরীর আবেদন/আপগ্রেডিং/পদোন্নতির ক্ষেত্রে গৃহীত হবে না। তবে চাকুরী হওয়ার পূর্বে কেহ উচ্চতর ডিগ্রীতে অধ্যয়নরত থাকলে এবং বিষয়টি আবেদনে উল্লেখ থাকলে, চাকুরী হওয়ার পর তার আবেদন ও প্রাপ্ত ডিগ্রীর ফলাফলের ভিত্তিতে মূল্যায়িত হবে।

৯। কোন পদের শিক্ষাগত যোগ্যতায় চাহিত জিপিএ এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে শিথিল যোগ্য। এই শিথিলতা শুধুমাত্র ২৪/০৭/২০১৩ খ্রিঃ তারিখের পূর্বে অত্র বিশ্ববিদ্যালয় অথবা বিআইটি, চট্টগ্রামে যোগদানকৃতদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া ২৪/০৭/২০১৩ খ্রিঃ তারিখের পর থেকে এই নীতিমালা অনুমোদনের পূর্ব পর্যন্ত যে সকল অভ্যন্তরীণ প্রার্থী সংশ্লিষ্ট পদের আবশ্যিক ডিগ্রি/পরীক্ষায় চাহিত জিপিএ/সমমান পূরন করে চাকুরীতে যোগদান করেছেন তাদের ক্ষেত্রেও প্রস্তাবিত MPQ তে চাহিত জিপিএ/সমমান শিথিল যোগ্য। তবে এই নীতিমালা অনুমোদনের পূর্ব (২২/০৬/২০২২ খ্রিঃ) পর্যন্ত কোন পদের আবশ্যিক শিক্ষাগত যোগ্যতা পূরণ পূর্বক কর্মরত প্রার্থীদের জন্য সংশ্লিষ্ট নিয়মিত পদের ক্ষেত্রে ঐ সময়ের আবশ্যিক শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হবে।

১০। লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না।

১১। আবেদন পত্র জমাদানের শেষ দিন ঘোষিত তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট প্রার্থীর বয়স, অভিজ্ঞতা, অর্জিত ডিগ্রী/প্রশিক্ষণ ইত্যাদির সময়কাল গণনাযোগ্য হবে। আবেদনপত্র জমাদানের শেষ দিনের পর কোন মাধ্যমে বা কোন অবস্থাতেই আবেদনপত্র অথবা আবেদন সংশ্লিষ্ট কোন ডকুমেন্ট গ্রহণযোগ্য হবে না। ডাক ও কুরিয়ার সার্ভিস ইত্যাদির বিলম্বের কারণে বিলম্বে প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না।

১২। এই বিশ্ববিদ্যালয়ের বর্তমানে কোন কোটা সংরক্ষনের অনুমোদিত নিয়ম নেই।

১৩। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।

১৪। প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/ দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি।

**স্বাক্ষরিত-**
(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।